Department of Health & Mental Hygiene | Department of Consumer Affairs

# খুচরা খাদ্য প্রতিষ্ঠানগুলির শৃঙ্খলের জন্য NYC-র ক্যালরি লেবেল করার নিয়ম: আপনাকে যা জানতে হবে সংশোধিত, এপ্রিল 2018

প্রায় 10 বছর ধরে নিউ ইয়র্ক সিটিতে রেস্তোরাঁর শৃঙ্খলগুলিকে তাদের পরিবেশন করা স্ট্যান্ডার্ড মেনুর আইটেমগুলির জন্য ক্যালরির তথ্য প্রদর্শন করা বাধ্যতামূলক আছে। নিউ ইয়র্ক সিটি স্বাস্থ্য বিধির আপডেট অনুযায়ী যে রিটেল খাদ্য প্রতিষ্ঠানগুলির শৃঙ্খল রেস্তোরাঁ-ধরনের খাবার বিক্রি করে, এখন তাদেরও ক্যালরির পরিমাণ প্রদর্শন করতে হবে, দুটি পুষ্টিগত বিবৃতি পোস্ট করতে হবে এবং অনুরোধক্রমে গ্রাহকদের জন্য বিক্রয়ের স্থানে অতিরিক্ত পুষ্টিগত তথ্য প্রদান করতে হবে। ফেডেরাল মেনু লেবেল করার আবশ্যকতার সঙ্গে মেলাতে এইসব পরিবর্তন করা হয়েছে।

এই নিয়মটি এমন যে কোনো রিটেল খাদ্য প্রতিষ্ঠানকে আওতাভুক্ত করে যারা রেস্তোরাঁ ধরনের খাবার পরিবেশন করে এবং যুক্তরাষ্ট্রের 15টি বা তার বেশি স্থানে একই নামের অধীনে ব্যবসারত একটি শৃঙ্খলের অংশ এবং অনেকাংশে একই মেনু আইটেমগুলি বিক্রি করছে। রিটেল খাদ্য পরিষেবা প্রতিষ্ঠানগুলির জন্য এই নথিটি NYC-এর ক্যালরি লেবেল দেওয়ার নিয়মের সারসংক্ষেপ প্রদান করে। যে খাদ্য পরিষেবা প্রতিষ্ঠানগুলি আপডেট করা নিয়মের দ্বারা প্রভাবিত হয়েছে সেগুলির জন্য একটি আলাদা নির্দেশনা নথি আছে।

22 শে মে 2017 থেকে নিউ ইয়র্ক সিটি উপভোক্তা বিষয়ক বিভাগ (Department of Consumer Affairs, DCA) চেন ফুড রিটেলারদের ক্যালরির লেবেল দেওয়ার নতুন আবশ্যকতাগুলি সম্বন্ধে শিক্ষাদান করছে কিন্তু বর্তমানে লংঘনের বিজ্ঞপ্তি জারি করছে না। *ন্যাশনাল অ্যাসোসিয়েশন অফ কনভেনিয়েন্স স্টোর্স বনাম নিউ ইয়র্ক শহরের স্বাস্থ্য ও মানসিক স্বাস্থ্য বিভাগ* মামলাটিতে একটি সম্মতিতে পৌঁছনোর পরে 7 মে 2018 থেকে DCA জরিমানার শর্তাধীনে লংঘনের বিজ্ঞপ্তি জারি শুরু করার পরিকল্পনা করেছে।

## কোন কোন প্রতিষ্ঠানের প্রতি এই নিয়ম প্রযোজ্য হবে?

ক্যালরির লেবেল দেওয়ার নিয়ম সেই সব খুচরা খাদ্য প্রতিষ্ঠানগুলিকে আওতাভুক্ত করে যারা:

- যুক্তরাস্ট্রে 15টি বা তার বেশি স্থানে, প্রত্যেকে একই নামে ব্যবসা করছে এমন একটি শৃঙ্খলের অংশ
- রেস্তেরাঁ-ধরনের খাদ্য পরিবেশন করছেন (নিচে দেওয়া সংজ্ঞা দেখুন)
- প্রতিটি অবস্থানে মূলত একই মেনু আইটেমগুলি পরিবেশন করছে

আওতাভুক্ত প্রতিষ্ঠানগুলির উদাহরণের অন্তর্ভুক্ত হতে পারে কনভেনিয়েন্স স্টোরের শৃঙ্খল, সুপারস্টোর এবং মুদির দোকান।

## ক্যালরি লেবেল করার নিয়মের আবশ্যকতা কি?

ক্যালরির লেবেল দেওয়ার নিয়ম অনুযায়ী আওতাভুক্ত রিটেল খাদ্য প্রতিষ্ঠানগুলির শৃঙ্খলের পক্ষে এগুলি করা আবশ্যক:

- রেস্তোরাঁ-ধরনের খাদ্য ও পানীয়ের মেনু আইটেমগুলির জন্য ক্যালরির সংখ্যা তালিকাভুক্ত করা, যার অন্তর্ভুক্ত হবে প্রদর্শিত খাদ্য এবং স্ব-পরিবেশন করা হয় এমন খাবার। যেখানেই মেনু আইটেমের নাম এবং মূল্যের তালিকা দেওয়া হবে সেখানে ক্যালরির পরিমাণ অবশ্যই তালিকাভুক্ত করতে হবে। এর অন্তর্ভুক্ত হবে সমস্ত মেনু, মেনু বোর্ড, ড্রাইভ-থ্রু উইনডো এবং ওয়েবসাইটসমূহ।
- দুটি পুষ্টিগত বিবৃতি অন্তর্ভুক্ত করুন যেখানে ক্যালরি প্রয়োজনীয়।
- স্ট্যান্ডার্ড মেনু আইটেমের জন্য বিস্তারিত পুষ্টি সংক্রান্ত তথ্য প্রদর্শন করা স্থলে এবং যারা এই তথ্য চাইবেন তাদের সবাইকে তা প্রদান করা।



*এই প্রশ্নের উত্তর সংশোধন করা হয়েছে, এপ্রিল 2018

**রেস্তোরাঁ-ধরনের খাদ্য কোনগুলি?**
রেস্তোরাঁ-ধরনের খাদ্য হলো সেই খাদ্য যা খুচরা খাদ্য প্রতিষ্ঠানে প্রক্রিয়াজাত ও প্রস্তুত করা হয় এবং অবিলম্বে খাবার জন্য বা পরে খাবার জন্য বিক্রি করা হয় প্রতিষ্ঠানের ভিতরে বা বাইরে। এর অন্তর্ভুক্ত হল প্রস্তুত করা খাদ্য যা ক্রেতারা কিনতে পারেন "নিয়ে চলে যাবার" জন্য বা প্রতিষ্ঠানের ভিতরে ভোজন অঞ্চলে "থাকতে পারেন"। খাদ্যতালিকায় ও খাদ্যতালিকার বোর্ডে উল্লিখিত রেস্তোরাঁ-ধরনের খাদ্য এবং তার সাথে স্ব-পরিবেশিত খাদ্য ও প্রদর্শিত খাদ্য ক্যালরি লেবেল করার নিয়মের আওতায় পড়ে।
*ব্যতিক্রম:* ঠান্ডা প্রস্তুত করা খাদ্য যা ডেলি কাউন্টারে বিক্রি করা হয়, ও মেনুতে বা মেনু বোর্ডে যার উল্লেখ থাকে না, এবং যা খাবার আগে ক্রেতাকে অধিকতর প্রস্তুত করতে হয়, **তাকে রেস্তোরাঁ-ধরনের খাদ্য হিসাবে গণ্য করা হয় *না* এবং তা ক্যালরি লেবেল করার নিয়মের আওতায় পড়ে *না*।**

**স্ব-পরিবেশিত খাদ্য কোনগুলি?**
স্ব-পরিবেশিত খাদ্য হলো সেই রেস্তোরাঁ-ধরনের খাদ্য যা স্যালাড বারে, বুফেট লাইনে, ক্যাফেটেরিয়ায় পাওয়া যায় অথবা ওই ধরনের স্ব-পরিবেশিত স্থানে পাওয়া যায় যেখানে ক্রেতা নিজেই নিজের পরিষেবা করেন। এর অন্তর্ভুক্ত রয়েছে সেই পানীয়গুলি যা স্ব-পরিবেশিত।

**প্রদর্শিত খাদ্য কোনগুলি?**
প্রদর্শিত খাদ্য হলো সেই খাদ্য যা ক্রেতারা দেখেন তাদের খাদ্য নির্বাচন করার আগে।
*ব্যতিক্রম:* যে খাদ্যের ক্রেতার দ্বারা অতিরিক্ত প্রস্তুতি প্রয়োজন হয় খাবার আগে তা ক্যালরি লেবেল করার নিয়মের আওতায় পড়ে *না*।

**স্ট্যান্ডার্ড মেনু আইটেম কোনগুলি*?**
স্ট্যান্ডার্ড মেনু আইটেম হলো যে কোনো একক খাদ্য বস্তু, বা খাদ্যবস্তুর সমষ্টি যা কোনো কভার্ড প্রতিষ্ঠানের একটি মেনুতে বা মেনু বোর্ডে নিয়মিত প্রদর্শিত হয়।

**দুটি পুষ্টিগত বিবৃতিগুলি কি কি?**
দুটি পুষ্টিগত বিবৃতিগুলি হলো:

1. “2,000 calories a day is used for general nutrition advice, but calorie needs vary.” (দিনে 2,000 ক্যালরি সাধারণ পুষ্টি সংক্রান্ত পরামর্শের জন্য ব্যবহৃত হয়, কিন্তু ক্যালরির চাহিদা পরিবর্তিত হয়।)
2. “Additional nutritional information available upon request.” (অতিরিক্ত পুষ্টি সংক্রান্ত তথ্য অনুরোধ সাপেক্ষে উপলব্ধ।)

এইসব বিবৃতি মেনু এবং মেনু বোর্ডে স্পষ্টভাবে প্রদর্শিত হওয়া আবশ্যক। মেনুর জন্য, ক্যালরি সংক্রান্ত বিবৃতিটি (উপরে বিবৃতি 1) মেনুর প্রতিটি পৃষ্ঠায় দেখাতে হবে। মেনু বোর্ডের ক্ষেত্রে, গ্রাহকরা অর্ডার দেওয়ার সময় যখন মেনু বোর্ড দেখেন তখন দুটি আবশ্যক পুষ্টি সংক্রান্ত বিবৃতিকে অবশ্যই তাদের কাছে দৃশ্যমান হতে হবে। এগুলি বোর্ডের প্রতিটি প্যানেলে দেখা যেতে পারে, তবে এটা আবশ্যক নয়। বিবৃতিগুলি যদি প্রতিটি প্যানেলে না থাকে, তাহলে বোর্ডে তালিকাভুক্ত যে কোনো আইটেম দেখার সময় এগুলিকে অবশ্যই গ্রাহকের কাছে দৃশ্যমান হতে হবে। স্বয়ং-সেবা খাবার এবং ডিসপ্লের খাবারের জন্য, এইসব বিবৃতি খাবারের পরে একক চিহ্ন সহকারে



*এই প্রশ্নের উত্তর সংশোধন করা হয়েছে, এপ্রিল 2018

তালিকাভুক্ত থাকতে পারে এবং খাবারের কাছে পৃথকভাবে বড় চিহ্ন সহকারে তালিকাভুক্ত থাকতে পারে, যাতে গ্রাহক অর্ডার করার সময় সহজেই পড়তে পারেন অথবা বড় বোর্ডে তালিকাভুক্ত থাকতে পারে যাতে গ্রাহক অর্ডার করার সময় সহজেই পড়তে পারেন।

**শিশুদের মেনুর জন্যে কি একটি ভিন্ন পুষ্টি বিবৃতি আছে?**
শিশুদের মেনুর জন্য, নিম্নোক্ত বিবৃতিটি উপরে উল্লিখিত প্রথম পুষ্টির বিবৃতির প্রতিস্থাপন অথবা তার সাথে যোগ করা যেতে পারে:

- "1,200 to 1,400 calories a day is used for general nutrition advice for children ages 4 to 8 years, but calorie needs vary." (4 থেকে 8 বছরের শিশুদের ক্ষেত্রে সাধারণ পুষ্টি সংক্রান্ত পরামর্শের জন্য প্রতিদিন 1,200 থেকে 1,400 ক্যালরির ব্যবহার করা হয়, কিন্তু ক্যালরির প্রয়োজনের তারতম্য থাকে।)
- "1,200 to 1,400 calories a day is used for general nutrition advice for children ages 4 to 8 years and 1,400 to 2,000 calories a day for children ages 9 to 13 years, but calorie needs vary." (4 থেকে 8 বছর বয়সী শিশুদের জন্য সাধারণ পুষ্টি পরামর্শের জন্য দিনে 1,200 থেকে 1,400 ক্যালরির ব্যবহার করা হয় এবং 9 থেকে 13 বছর বয়সী শিশুদের জন্য দিনে 1,400 থেকে 2000 ক্যালরি, কিন্তু ক্যালরির প্রয়োজনের তারতম্য থাকে।)

**গ্রাহকদের অনুরোধে কি কি অতিরিক্ত পুষ্টি সংক্রান্ত তথ্য অবশ্যই উপলব্ধ হতে হবে?**
প্রতিষ্ঠানগুলিকে স্ট্যান্ডার্ড মেনু আইটেমগুলির জন্য বিক্রয়ের স্থানে পুষ্টি সংক্রান্ত অতিরিক্ত তথ্য অবশ্যই রাখতে হবে। গ্রাহকদের অনুরোধে এই তথ্য অবশ্যই প্রদান করতে হবে। এই তথ্য এই ক্রমে তালিকাভুক্ত করা এবং এই পরিমাপ ব্যবহার করা আবশ্যক: মোট ক্যালরি (cal), চর্বি থেকে ক্যালরি (fat cal), মোট চর্বি (g), স্যাচুরেটেড ফ্যাট (g), ট্রান্স ফ্যাট (g), কোলেস্টেরোল (mg), সোডিয়াম (mg), মোট কার্বহাইড্রেট (g), খাদ্যে অন্তর্ভুক্ত ফাইবার (g), শর্করা (g) এবং প্রোটিন (g)।

এই তথ্যটি একটি পাল্টা কার্ড, সাইন, পোস্টার, বিলিপত্র বা ইলেকট্রনিক ডিভাইস (যেমন, একটি কিয়স্ক বা ওই ভবনে অন্য ডিভাইসে), বা একটি পুস্তিকা, আলাদা পাতার বাইন্ডার, মেনু বা অনুরূপ উপায় প্রদর্শিত হতে পারে।

**প্রতিষ্ঠানগুলি কোথায় ক্যালরি সংক্রান্ত তথ্য পোস্ট করবে?**
প্রতিষ্ঠানগুলিকে প্রাথমিক লিখনে ক্যালরি সংক্রান্ত তথ্য প্রদর্শন করতে হবে যা ক্রেতা ব্যবহার করেন খাদ্যের অর্ডার দেবার জন্য। একটি প্রাথমিক লেখা:

- একটি মেনু আইটেমের নাম বা মেনু আইটেমের চিত্র তালিকাভুক্ত করে
- একটি মেনু আইটেমের মূল্য তালিকাভুক্ত করে, এবং;
- ক্রেতারা তা ব্যবহার করতে পারেন অর্ডার করার সময় সেটি দেখতে দেখতে

অবস্থান প্রতি একটির বেশি প্রাথমিক লিখন থাকতে পারে। উদাহরণের অন্তর্ভুক্ত হলো মেনু, মেনু বোর্ড এবং ড্রাইভ-থ্রু উইনডো।

- মেনু বিভিন্ন আকারে আসতে পারে যার অন্তর্গত হবে পুস্তিকা, প্রচারপত্র, কাগজের একক সিট বা ইলেক্ট্রনিক স্ক্রিন।
- মেনুর অন্তর্ভুক্ত হতে পারে প্রাত:রাশ; দিনের এবং নৈশ আহারের মেনু; মিষ্টান্নের মেনু; পানীয়ের মেনু; শিশুদের জন্য মেনু; অন্যান্য বিশেষ মেনু; ইলেক্ট্রনিক যন্ত্রে মেনু (যেমন, একটি কিয়স্কে বা ওই বিল্ডিংএ অন্য ডিভাইসে); অনলাইন মেনু।



*এই প্রশ্নের উত্তর সংশোধন করা হয়েছে, এপ্রিল 2018

**যে বিজ্ঞাপনগুলিতে খাবারের আইটেম ও মূল্য থাকে সেগুলি কি মেনু হিসেবে বিবেচিত হয়?***
নিয়ম অনুযায়ী এমন যে কোনো প্রধান মেনু ও মেনু বোর্ডে ক্যালরির তথ্য প্রদর্শন করা বাধ্যতামূলক যেগুলি ব্যবহার করে অর্ডার দেওয়া যায়। আবশ্যকতাটি সাধারণত প্রচারমূলক সামগ্রীর ক্ষেত্রে প্রযোজ্য হয় না। তবে যে সব সামগ্রী অর্ডার দেওয়ার উদ্দেশ্যেই ব্যবহার করা যায় সেগুলিতে ক্যালরির তথ্য অবশ্যই প্রদর্শন করতে হবে।

উদাহরণস্বরূপ, একজন গ্রাহক কোনো ডেলি কাউন্টারে আইটেমটি এবং তার মূল্যের তালিকা প্রদানকারী একটি পোস্টার দেখার পরে একটি আইটেম অর্ডার দেওয়ার পছন্দ বেছে নিতে পারেন; এই পোস্টারে ক্যালরি সংক্রান্ত তথ্য অবশ্যই প্রদর্শন করতে হবে যদি তথ্যটি অন্যথায় কাউন্টারে পোস্ট করা না থাকে (যেমন, একটি মেনু বোর্ডে বা ফুড প্যাকেজে)। তবে, প্রতিষ্ঠানের বাইরে দেখা যাবে কিন্তু অর্ডার করার জন্য ব্যবহার করা যাবে না এমন একটি অনুরূপ পোস্টারে ক্যালরির তথ্য প্রদান করার দরকার নেই।

**কিভাবে প্রতিষ্ঠানগুলি ক্যালরি সংক্রান্ত তথ্য পোস্ট করবে?**

- মেনুর নামের বা মূল্যের পাশে ক্যালরির পরিমান তালিকাভুক্ত করুন।
- প্রতিটি একক মেনুর পাশে বা যে কলাম প্রতিটি মেনুর আইটেমের ক্যালরির পরিমাণ উল্লেখ করে তার ওপরে "ক্যালরি" বা "ক্যাল" শব্দটি উল্লেখ করুন।
- একই টাইপের (পয়েন্ট) মাপ ব্যবহার করুন ক্যালরি সংক্রান্ত তথ্যের জন্য এবং মেনু আইটেম বা মূল্যের জন্য।
- একই রঙ ব্যবহার করুন ক্যালরি সংক্রান্ত তথ্যের জন্য এবং মেনু আইটেম বা মূল্যের জন্য। আপনি একটি ভিন্ন রঙ ব্যবহার করতে পারেন ক্যালরি সংক্রান্ত তথ্যের জন্য যদি সেটি মেনু আইটেমের বা তার দামের জন্য ব্যবহৃত রঙের মতই প্রকট হয়।

**কিভাবে প্রতিষ্ঠানগুলি মেনু আইটেমগুলির ক্যালরির পরিমান গণনা করবে*?**
ল্যাবরেটরি পরীক্ষা, রান্নার বই বা পুষ্টি ডেটাবেসে তালিকাভুক্ত মান, যেমন স্ট্যান্ডার্ড রেফারেন্সের জন্য মার্কিন যুক্তরাষ্ট্রের কৃষি বিভাগের (ইউএসডিএ) ন্যাশনাল নিউট্রিয়েন্ট ডেটাবেস সহ ক্যালরির মান অবশ্যই বিশ্লেষণের নির্ভরযোগ্য পদ্ধতি ভিত্তিক হতে হবে। আপনি ক্যালরির মান নিকটতম 10 ক্যালরিতে সুসম্পন্ন করুন 50 ক্যালরির উর্দ্ধে মানের জন্য, এবং নিকটতম পাঁচ (5) ক্যালরি অবধি 50 বা তার কম মানের ক্যালরির জন্য। পাঁচ (5) বা তার কম পরিমান ক্যালরির জন্য আপনি সেগুলিকে শূন্য (0) ক্যালরি ঘোষণা করতে পারেন।

**কিভাবে প্রতিষ্ঠানগুলি ক্যালরি সংক্রান্ত তথ্য তালিকাভুক্ত করবে বহু-পরিবেশিত মেনু আইটেমের ক্ষেত্রে?**
একাধিক মানুষকে পরিবেশনকারী মেনু ও মেনু বোর্ড আইটেমগুলির জন্য (যেমন, একটা বড় পিৎজা বা চিকেন উইংস-এর বাকেট) প্রতিষ্ঠানগুলি পুরো আইটেমটির জন্য অথবা একটি স্বতন্ত্র পরিবেশনের ইউনিটের জন্য ক্যালরি পোস্ট করতে পারে। যদি একবার পরিবেশনকারী ইউনিটের জন্য ক্যালরি পোস্ট করা হয়, তাহলে মেনু বা মেনু বোর্ডে ইউনিটটি অবশ্যই সনাক্ত করতে হবে। কোনো ব্যক্তি যে পরিমাণ খাবার খেতে পারেন বলে প্রত্যাশিত, সেই পরিমাণটি এই ইউনিটে দেখাতে হবে।



*এই প্রশ্নের উত্তর সংশোধন করা হয়েছে, এপ্রিল 2018

আইটেমটিকে সাধারণত কীভাবে প্রস্তুত করা হয় এবং বিক্রয়ের জন্য প্রদান করা হয়, তার ভিত্তিতে ক্যালরির তথ্য তালিকাভুক্ত করা উচিত; প্রতিটি প্রতিষ্ঠান এটি নির্ধারণ করার জন্য দায়িত্বশীল। নিচে একটা উদাহরণ দেওয়া হল:

| **আইটেম** | **ক্যাল** | **দাম** |
|---|---|---|
| মাঝারি পনির পিৎজা | 1680 | $12.99 |

**অথবা**

| **আইটেম** | **ক্যাল** | **দাম** |
|---|---|---|
| মাঝারি পনির পিৎজা | 210 ক্যাল/স্লাইস, 8টি স্লাইস | $12.99 |

**কিভাবে প্রতিষ্ঠানগুলির বিভিন্ন পছন্দের সাথে সংমিশ্রন (কম্বিনেশন) মিলের জন্যে ক্যালরি সংক্রান্ত তথ্য তালিকাভুক্ত করা উচিত?**
শুধুমাত্র দুটি সম্ভাব্য সংমিশ্রণ সহ আহার এবং তিনটি বা তার বেশি সম্ভাব্য সংমিশ্রণ সহ আহারগুলির জন্য ভিন্ন ভিন্ন প্রয়োজনীয়তা রয়েছে।

**শুধুমাত্র দুটি সংমিশ্রণ সহ আহারের ক্ষেত্রে (যেমন, দুটি সাইডের পছন্দের সাথে প্রদান করা হয় এমন আইটেম),** প্রতিটি বিকল্পের জন্য ক্যালরির সংখ্যা তালিকাভুক্ত করুন**,** যেখানে একটি স্ল্যাশ দুটি ভিন্ন ক্যালরি গণনাকে পৃথক করে**:**

| **আইটেম** | **ক্যাল** | **দাম** |
|---|---|---|
| BLT স্যান্ডউইচ আপেল বা চিপস সহ | 590/660 | $8.99 |

**তিন বা ততোধিক সম্ভাব্য সংমিশ্রণ সহ একটি আহারের জন্য,** একটি সীমা হিসেবে ক্যালরির সংখ্যা তালিকাভুক্ত করুন যা সকল সংমিশ্রণের জন্য ন্যূনতম ও সর্বাধিক ক্যালরি দেখায়:

| **আইটেম** | **ক্যাল** | **দাম** |
|---|---|---|
| BLT স্যান্ডউইচ আপেল, সাইড-স্যালাড বা চিপস সহ | 590 - 660 | $8.99 |



*এই প্রশ্নের উত্তর সংশোধন করা হয়েছে, এপ্রিল 2018

**কিভাবে প্রতিষ্ঠানগুলি ক্যালরি সংক্রান্ত তথ্য তালিকাভুক্ত করবে মেনুর আইটেমগুলির জন্য যার বিভিন্ন ধরনের টপিং-এর বিকল্প আছে?**

টপিং এর বিভিন্ন পছন্দ সহ মেনু আইটেমের ক্ষেত্রে, (যেমন, আইসক্রিমের স্কুপ), টপিং ছাড়া আইটেমটির ক্যালরি তালিকাভুক্ত করুন, আর তার সাথে প্রতিটি টপিং বিকল্পের পৃথক ক্যালরির তথ্য প্রদর্শন করুন:

| আইটেম | ক্যাল | দাম |
|---|---|---|
| চকোলেট আইস ক্রিম, প্রতি স্কুপ | 250 | $4.50 |
| টপিংস | | |
| চিনেবাদাম, 1 oz | 150 | |
| স্প্রিঙ্কলস, 1 টেবিল চামচ | 20 | |
| হট ফাজ, 1 oz | 65 | |

**কিভাবে প্রতিষ্ঠানগুলি ক্যালরি সংক্রান্ত তথ্য তালিকাভুক্ত করবে স্ব-পরিবেশিত খাদ্য ও পানীয় এবং প্রদর্শিত খাদ্যের ক্ষেত্রে*?**

স্ব-পরিবেশিত খাবার এবং একটি স্বতন্ত্র ইউনিটে প্রদান করা হয় এমন প্রদর্শন করা খাবারগুলির জন্য, প্রতিষ্ঠানগুলিকে আইটেমটির মোট ক্যালরির সংখ্যা অবশ্যই পোস্ট করতে হয়, ঠিক যেভাবে তা সাধারণভাবে প্রস্তুত করা হয় এবং বিক্রয়ের জন্য প্রদান করা হয়। স্ব-পরিবেশিত খাবার এবং প্রদর্শন করা খাবার যা একটি স্বতন্ত্র ইউনিটে প্রদান করা হয় না সেগুলির জন্য, ক্যালরিকে একটি স্ট্যান্ডার্ড স্কুপ বা কাপের মাপের জন্য পোস্ট করা উচিত। ক্যালরি পোস্ট করার সময় স্বতন্ত্র পরিবেশনের ইউনিটটি অবশ্যই অন্তর্ভুক্ত করতে হবে।

প্রতিষ্ঠান বিভিন্ন উপায়ে ক্যালরি তথ্য প্রদর্শন করতে পারে, যাতে গ্রাহক সামগ্রী বাছাইয়ের সময় সামগ্রীর নাম, ক্যালরির পরিমাণ এবং পরিবেশনের পরিমাণ দেখতে পারেন। ক্যালরির তথ্য খাদ্য সামগ্রীর সঙ্গে স্পষ্টভাবে কোন চিহ্ন সহকারে অথবা সামগ্রীর উপরে সরাসরি হাঁচি রোধকের সঙ্গে সংযুক্ত থাকতে পারে। যদি কোন হাঁচি রোধককে কোন চিহ্ন বা প্ল্যাকার্ড একাধিক খাদ্যবস্তুর জন্য ক্যালরি সংক্রান্ত তথ্য তালিকাভুক্ত করা হয়, তাহলে চিহ্নটি অবশ্যই এমন জায়গায় থাকতে হবে যেখানে সেটি পাঠরত ক্রেতা সেই সব খাদ্যবস্তুগুলি দেখতে পান, যার জন্য ক্যালরিগুলি তালিকাভুক্ত করা হয়েছে। কিভাবে স্বয়ং-সেবা খাদ্যের এবং ডিসপ্লেতে উল্লিখিত খাদ্যের ক্যালোরি তথ্য পোস্ট করতে হয় তা সম্পর্কে উদাহরণ ফেডেরাল মেনু লেবেলিং নির্দেশিকায় পাওয়া যেতে পারে।

স্ব-পরিবেশিত পানীয়গুলির জন্য, ক্যালরি পোস্টিংগুলিতে "ফ্লুইড আউন্স" শব্দ দ্বারা চিহ্নিত কাপে ফ্লুইড আউন্সের সংখ্যা এবং প্রযোজ্য হলে, কাপের আকার (যেমন, ছোট, মাঝারি ইত্যাদি) এর একটি বিবরণ অন্তর্ভুক্ত করতে হবে।



*এই প্রশ্নের উত্তর সংশোধন করা হয়েছে, এপ্রিল 2018

**পুষ্টিগত তথ্যের লেবেল থাকা বা প্যাকেজের সামনের দিকে প্রদত্ত ক্যালরি তথ্য থাকা গ্র্যাব-অ্যান্ড-গো আইটেমগুলির জন্য কি প্রতিষ্ঠানগুলিকে ক্যালরি সংক্রান্ত তথ্য প্রদর্শন করতে হবে?***

পুষ্টি সম্পর্কিত তথ্য বা প্যাকেজের সামনে ক্যালোরির তথ্য থাকা মানে উক্ত জিনিসটি ক্যালোরি লেবেল লাগানোর আবশ্যকতা পূরণ করেছে। যদি একটি গ্র্যাব-অ্যান্ড-গো আইটেমে পুষ্টি সংক্রান্ত তথ্যের লেবেল অন্তর্ভুক্ত থাকে বা প্যাকেজের সামনের দিকে ক্যালোরির তথ্য থাকে, যেটি একজন ক্রেতা কেনার আগে দেখতে পান, তাহলে সেই ক্ষেত্রে প্রতিষ্ঠানটির ক্যালোরির অতিরিক্ত তথ্য পোস্ট করার প্রয়োজন নেই।

**অন্যান্য প্রতিষ্ঠানের ভিতরে অবস্থিত পৃথক মালিকানাধীন ও পৃথকভাবে পরিচালিত ব্যবসাগুলির কি নিয়মটি মান্য করা আবশ্যক?**

অন্যান্য প্রতিষ্ঠানের ভিতরে অবস্থিত পৃথক মালিকানাধীন ও পৃথকভাবে পরিচালিত ব্যবসাগুলিকে ক্যালোরির লেবেল দেওয়ার আবশ্যকতাগুলি অবশ্যই মান্য করতে হবে, যদি তাদের স্বাস্থ্য বিভাগের অনুমতি প্রয়োজন হয় এবং তারা দেশব্যাপী 15টি বা তারও বেশি স্থানে একই নামে ব্যবসারত একটি শৃঙ্খলের অংশ হয় এবং অনেকাংশে একই মেনু আইটেম বিক্রয় করে।

**একই নামের অধীনে পরিচালিত অথচ অনেকাংশে একই মেনু আইটেম বিক্রয় করে না এমন ফুড কো-অপগুলির কি নিয়মটি মেনে চলা আবশ্যক?**

না, একই নামের অধীনে পরিচালিত অথচ অনেকাংশে একই মেনু আইটেম বিক্রয় করে না এমন ফুড কো-অপগুলি ক্যালরির লেবেল দেওয়ার আবশ্যকতাগুলির আওতাভুক্ত নয়।

**সাময়িক খাদ্যতালিকার বস্তুর জন্য কি প্রতিষ্ঠানগুলিকে ক্যালরি সংক্রান্ত তথ্য প্রদর্শন করতে হবে?**

সাময়িক মেনু আইটেমের জন্য ক্যালরি সংক্রান্ত তথ্য প্রদর্শন করতে হবে না। সাময়িক মেনু আইটেম সংজ্ঞায়িত করা হয় সেই বস্তুগুলিকে যেগুলো প্রতি ক্যালেন্ডার বছরে 60 দিনের কম প্রদান করা হয়। ক্রেতা গ্রহনযোগ্যতা পরীক্ষণের অংশ হিসেবে প্রতিষ্ঠানগুলিকে সেই সব খাদ্যের ক্যালরি প্রদর্শন করতে হবে না যেগুলি ধারাবাহিকভাবে 90 দিনের কম সময় প্রদান করা হয়।

**দেশব্যাপী 15 থেকে 19টি স্থানে অবস্থিত প্রতিষ্ঠানগুলির কি নিয়মটি মেনে চলা আবশ্যক?**

হ্যাঁ। NYC-ক্যালরির লেবেল দেওয়ার আবশ্যকতাগুলি এমন যে কোনো প্রতিষ্ঠানকে আওতাভুক্ত করে যা 15 টি বা তার বেশি স্থানে দেশব্যাপী একই নামের অধীনে ব্যবসারত একটি শৃঙ্খলের অংশ। এই প্রতিষ্ঠানগুলিকে NYC-র নিয়মটি মেনে চলতে হয়, এমন কি যদি তারা ফেডারাল আবশ্যকতাগুলির অধীনে না থাকে তাহলেও।

**স্বাস্থ্য বিভাগ "অনেকাংশে একই মেনু আইটেম" বাক্যাংশকে কীভাবে ব্যাখ্যা করে?**

"অনেকাংশে একই মেনু আইটেম" বাক্যাংশটির অর্থ হল শৃঙ্খলের সব স্থানে তাদের মেনু আইটেমগুলির জন্য প্রমাণীকৃত উপাদান, রান্নার প্রণালী এবং প্রস্তুতির পদ্ধতি ব্যবহার করা হয়। আওতাভুক্ত প্রতিষ্ঠানগুলি অনেকাংশে একই মেনু আইটেম পরিবেশন করে কিনা তা নির্ধারণ করার জন্য স্বাস্থ্য বিভাগ দ্বারা বিষয়ানুসারে প্রতিটিকে স্বতন্ত্রভাবে পর্যালোচনা করা হতে পারে।



*এই প্রশ্নের উত্তর সংশোধন করা হয়েছে, এপ্রিল 2018

**কে এই নিয়ম প্রয়োগ করবে?**

নিউ ইয়র্ক শহর ক্রেতা বিষয়ক বিভাগ (New York City Department of Consumer Affairs, DCA) ক্যালরি লেবেল করার নিয়ম প্রয়োগ করবেন। একটি রিটেল ফুড প্রতিষ্ঠান যা এই নিয়ম অনুসরণ করে না তাকে লংঘনের বিজ্ঞপ্তি দেওয়া হতে পারে, যার ফলে প্রতি লংঘনের জন্য $200 জরিমানা করা হতে পারে।

**DCA কখন জরিমানা প্রয়োগ করা শুরু করবে?**

7 মে 2018 থেকে, DCA জরিমানার শর্তাধীনে লংঘনের বিজ্ঞপ্তি জারি করা শুরু করবে।

**খুচরা খাদ্য প্রতিষ্ঠানগুলি কি পর্যালোচনার জন্য তাদের খাদ্যতালিকা এবং খাদ্যতালিকার বোর্ডের প্রতিরূপ জমা দিতে পারে?**

হ্যাঁ, নিউ ইয়র্ক শহরের স্বাস্থ্য ও মানসিক স্বাস্থ্য বিভাগ (New York City Department of Health and Mental Hygiene) আপনার মেনু, মেনু বোর্ড বা অন্যান্য চিত্রের প্রতিরূপের পর্যালোচনা করবেন এবং নিশ্চিত করবেন সেগুলি নতুন প্রয়োজনীয়তাগুলি পূরণ করছে কিনা। স্বাস্থ্য দপ্তরের কাছে পর্যালোচনার জন্য প্রতিরূপ জমা দেওয়া ঐচ্ছিক। আপনি যদি চান স্বাস্থ্য দপ্তর আপনার প্রতিরূপগুলি পর্যালোচনা করুক, তাহলে তাদের ইমেল করুন infobfscs@health.nyc.gov তে এবং সাবজেক্ট লাইনে টাইপ করুন "ক্যালরি লেবেলিং প্রতিরূপ"।

Español | বাংলা | 简化字 | Русский | 中文 nyc.gov/health "Operating a restaurant"



*এই প্রশ্নের উত্তর সংশোধন করা হয়েছে, এপ্রিল 2018

Bengali